


স্বাধীনতার প্রিয় কবিতা : আসাদের শার্ট / শামসুর রাহমান

সংগ্রহঃ অমি রহমান পিয়াল

গুচ্ছ গুচ্ছ রক্তকরবীর মতো, কিংবা সূর্যাস্তের  
জ্বলন্ত মেঘের মতো আসাদের শার্ট  
উড়ছে হাওয়ায় নীলিমায়।  
বোন তার ভাইয়ের অম্লান শার্টে দিচ্ছে লাগিয়ে  
নক্ষত্রের মতো কিছু বোতাম, কখনো  
হৃদয়ের সোনালী তন্তুর সূক্ষতা।  
বর্ষিয়সী জননী, সে শার্ট উঠোনের রৌদ্রে  
দিয়েছেন মেলে স্নেহের বিন্যেসে।  
ডালিম গাছের মৃদু ছায়া আর রোদ্দুর শোভিত  
মায়ের উঠোন ছেড়ে, এখন সে শার্ট,  
শহরের প্রধান সড়কে সড়কে,  
কারখানার চিমনির চুড়োয়,  
গমগমে অ্যাভিনিুর আনাচে কানাচে  
উড়ছে, উড়ছে অবিরাম,  
আমাদের হৃদয়ের রৌদ্র জলোচ্ছ্ববিতে প্রতিধ্বনিময় মাঠে  
চৈতন্যের প্রতিটি মোর্চারায়।  
আমাদের দুর্বলতা, ভীর্ণতা, কলুষ আর লজ্জা,  
সমস্ত দিয়েছে ঢেকে একখন্ড বস্ত্র মানবিক  
আসাদের শার্ট আজ আমাদের প্রাণের পতাকা।



আসাদের রক্তমাখা শার্ট নিয়ে তাৎক্ষণিক মিছিল ১৯৬৯



ছবি : গুলি খাওয়ার পর আসাদ সৌজন্যে : বাংলা গ্যালারি